প্রেমিকার সঙ্গে অভিমান করে ছাত্রলীগ নেতার আত্মহত্যা

সিলেটের বিশ্বনাথ উপজেলা ছাত্রলীগের সহ-সভাপতি শিপন আলী (২৫) গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন। ধারণা করা হচ্ছে, প্রেমিকার সঙ্গে অভিমান করেই সে আত্মহত্যা করেছে।

সোমবার দিবাগত রাতে উপজেলা সদরের টিএন্ডটি রোডে তার বোনের ভাড়াটে বাসায় আত্মহত্যা করে শিপন।
শিপন উপজেলার দৌলতপুর ইউনিয়নের দুর্যাকাপন গ্রামের ফজর আলীর ছেলে।

উপজেলা ছাত্রলীগের সভাপতি শীতল বৈদ্য জানান, সোমবার রাত সাড়ে ১১টায় একটি অপরিচিত মুঠোফোনের নাম্বার থেকে একটি মেয়ে শিপন আলীর ভাই ওমান যাত্রী (ঢাকা বিমানবন্দরে অবস্থানরত) লিটন আলীকে জানায়, শিপন আত্মহত্যা করেছে।

পরে লিটন সাথে সাথে খবরটি তার পরিবারের সদস্যদেরকে জানান। খবর জানানো হয় পুলিশকেও। তারা স্থানীয় লোকজনদের সহযোগিতায় বাসার দরজা ভেঙে গলায় ফাঁস দেয়া অবস্থায় শিপন আলীকে উদ্ধার করা হয়। তাৎক্ষণিক তাকে সিলেট নর্থ ইস্ট মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষণা করেন।

শীতল বৈদ্য আরও জানান, সোমবার রাতে এই ঘটনার আগে এক বন্ধুর বাসায় রাতের খাবার খেয়ে উপজেলা সদরের টিএন্ডটি রোডে বোনের ভাড়াটে বাসাতে যায় শিপন। বাসায় একা থাকায় রাতে সে সেখানে অবস্থান করে এবং মোবাইল ফোনে তার প্রেমিকার সঙ্গে কথা বলে। ধারণা করা হচ্ছে, প্রেমিকার সাথে অভিমান করে শিপন তখনই কাপড় দিয়ে গলায় ফাঁস দেয়।

থানার ওসি শামীম মূসা বলেন, ময়নাতদন্তের জন্য উদ্ধার করা লাশ সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে প্রেরণ করা হয়েছে। এখনো আত্মহত্যার সঠিক কারণ জানা যায়নি।